

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২০

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫০. নাবী (ঋৣ) এর অযুর বিবরণ

باب صِفَةِ وُضُوءِ النَّبِيِّ صلى الله عليه وسلم

আরবী

حَدَّ تَنَا أَحْمَدُ بْنُ عَمْرِو بْنِ السَّرْحِ، حَدَّتَنَا ابْنُ وَهْب، عَنْ عَمْرِو بْنِ الْحَارِثِ، أَنَّ حَبَّانَ بِنْ وَاسِعٍ، حَدَّتَهُ أَنَّ أَبَاهُ حَدَّتَهُ، أَنَّهُ سَمِعَ عَبْدَ اللهِ بْنَ زَيْدِ بْنِ عَاصِمِ الْمَازِنِيَّ، يَذْكُرُ أَنَّهُ رَأًى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَذَكَرَ وُضُوءَهُ وَقَالَ وَمَسَحَ رَأْسَهُ بِمَاءٍ غَيْرِ فَضْلِ يَدَيْهِ وَغَسَلَ رِجْلَيْهِ حَتَّى أَنْقَاهُمَا .

_ صحيح : م

বাংলা

১২০। 'আব্দুল্লাহ ইবনু যায়িদ ইবনু 'আসিম আল-মাযিনী (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অযু দেখেছেন ব্যক্ত করে বর্ণনা করেনঃ তিনি হাতের অবশিষ্ট পানি দিয়ে নয় (বরং নতুন পানি দিয়ে) মাথা মাসাহ করেছেন এবং উভয় পা পরিষ্কার করে ধুয়েছেন।[1]

সহীহ: মুসলিম।

English

Habban b. Wasi' reported on the authority of his father who heard 'Abd Allah b. Zaid al-Asim al-Mazini say that he saw the Messenger of Allah (**) performing ablution. He then described his ablution saying: He wiped his head with water which was not what was left over after washing his hands (i.e. he wiped his head with clean water); then he washed his feet until he cleansed them.



ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উযু), তিরমিয়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মাথা মাসাহ্ করার জন্য পৃথকভাবে পানি নেয়া, হাঃ ৩৫, ইমাম তিরমিয়ী বলেন, এ হাদীসটি হাসান সহীহ), আহমাদ (৪/৪১), সকলেই 'আমর ইবনুল হারিস সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

<u> হ্রাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন</u>